



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা

আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ

টেলিফোননং : ৯৫৬০৫৬৩

৪৭১১০৬৭৭

ফ্যাক্স নং : ৪৭১২৩৬৮৩

ই-মেইল : dgmtrade@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৯/২০১৮

তারিখঃ ২০/০৩/২০১৮

উপ-মহাব্যবস্থাপক

ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/
প্রত্যক্ষন ও নিরীক্ষা বিভাগ-২(বৈদেশিক বাণিজ্য নিরীক্ষা সেল)
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

ও

উপ-মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক,
সকল অনুমোদিত ডিলার শাখা।

বিষয়ঃ “Bangladesh Bank- Authorised Dealers’ Forum” এর ১৭ তম সভার রেকর্ডনোটস প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর পত্র নং এফইপিডি (এফইএমপি) ৩৪/২০১৮-২১১৫, তারিখ ০১/০৩/২০১৮ এবং তৎসঙ্গে সংযুক্ত Bangladesh Bank Authorized Dealers’ Forum এর বিগত ১৮/০২/২০১৮ তারিখ অনুষ্ঠিত ১৭তম সভার সিদ্ধান্ত সমূহের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বিবি-এডি ফোরামের ১৭ তম সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো। এ প্রেক্ষিতে, অত্রব্যাংক সংশ্লিষ্ট উক্ত সভার নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করা হলোঃ

- ক) জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক সম্প্রতি প্রেরিত নির্দেশনামূলক পত্রসমূহের বিষয়ে এডি শাখাগুলোকে অবহিতকরণ প্রসঙ্গেঃ
বিগত ১০/১২/২০১৭ তারিখের জাতীয় রাজস্ব বোর্ডের পত্রের মাধ্যমে বিল অব এন্ট্রি/ এক্সপোর্টের সাথে দাখিলকৃত ইনভয়েস প্রযোজ্য ক্ষেত্রে পণ্যের কস্ট ও ফ্রেইট পৃথকভাবে উল্লেখকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে ইনভয়েস পণ্যের কস্ট ও ফ্রেইট পৃথকভাবে উল্লেখ না করা থাকলে এলসি না খোলার জন্য এডি ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে এডি শাখা প্রাথমিকভাবে Proforma Invoice এর মাধ্যমে এলসি খুললেও Dashboard এ রিপোর্টিং এর সময় Commercial Invoice এর তথ্যের ভিত্তিতে রিপোর্ট করবে এবং বিষয়টি তাদের গ্রাহকদের ও জরুরী ভিত্তিতে অবহিত করবে। এছাড়া, জাতীয় রাজস্ব বোর্ড ০৮/০১/২০১৮ তারিখের তাদের অপর একটি পত্রের মাধ্যমে ট্রেড ফ্যাসিলিটেশন ও যথাযথ রাজস্ব আদায়ের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আমদানিকৃত পণ্যের বিশদ প্যাকিং লিট, প্রোফরমা ইনভয়েস ও কমার্শিয়াল ইনভয়েস রিয়েল-টাইমে আপলোডকরণ এবং তদুপরবর্তীতে কাস্টমস কর্মকর্তা কর্তৃক উক্ত দলিলাদি রিড-অনলি মোড ও প্রিন্ট করে ব্যবহার করার ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়েছে। এ বিষয়ে কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় দক্ষ জনশক্তি এবং আইটি সিস্টেমের জন্য ব্যবহৃত প্রয়োজনীয় হার্ডওয়্যার ও সফটওয়্যার সংগ্রহ ও ব্যবহারের বিষয়ে এডি ব্যাংকগুলো প্রয়োজনীয় সকল প্রস্তুতি গ্রহণ করবে।
- খ) ২০১৮ সালে নতুন চালুকৃত অনলাইন ইমপোর্ট মনিটরিং সিস্টেমে ফরেন এলসি/কন্ট্রাস্টসমূহের অ্যাক্সেসপটেন্স রিপোর্টিং-এর বিষয়ে ব্যাংকগুলোকে পরামর্শ প্রদান প্রসঙ্গেঃ
বিগত ০১/০১/২০১৮ তারিখ হতে অনলাইন ইমপোর্ট মনিটরিং সিস্টেমে ফরেন এলসি/কন্ট্রাস্টসমূহ রিপোর্টিং এর ক্ষেত্রে অ্যাক্সেসপটেন্স রিপোর্ট করা বাধ্যতামূলক করা হয়েছে। উক্ত রিপোর্টিং এর ভিত্তিতে স্বীকৃত বিলগুলো যথাসময়ে পরিশোধের পদক্ষেপ গ্রহণ এবং অপরিশোধিত বিলসমূহ রিপোর্টিং এর ক্ষেত্রে এডি শাখাগুলো বাংলাদেশ ব্যাংকে পরিপূর্ণ মাসিক বিবরণী প্রেরণ করবে।
- গ) এডি ব্যাংকসমূহকে বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত তথ্য সঠিক ও নিয়মিতভাবে বাংলাদেশ ব্যাংকের সিস্টেমে রিপোর্ট করা প্রসঙ্গেঃ
বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত তথ্যের ভুল ও বিলম্বিত রিপোর্টিং এর কারণে বাংলাদেশ ব্যাংক এবং অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সঠিক তথ্য প্রদান এবং বিভিন্ন নীতিগত সিদ্ধান্ত গ্রহণে বিঘ্ন ঘটে। এ প্রেক্ষিতে এডি শাখাগুলো বৈদেশিক মুদ্রা লেনদেনের তথ্য অনলাইন ফরেন এক্সচেঞ্জ ট্রাঙ্কশন মনিটরিং সিস্টেমে নিয়মিত নির্ভুলভাবে রিপোর্ট করবে।
- ঘ) Quoted Rate এর বাইরে বৈদেশিক মুদ্রা ক্রয়- বিক্রয় প্রসঙ্গেঃ
এডি শাখাগুলোকে Quoted Rate এর মধ্যে লেনদেন সম্পন্ন করতে হবে।
- ঙ) Indo- Bangladesh joint Business Council Banking Sub- Group(IBJBC) এর ভারতে অনুষ্ঠিত ১৫ তম সভা প্রসঙ্গেঃ
বিগত ১৫-১৬ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে Indo- Bangladesh joint Business Council Banking Sub- Group(IBJBC) এর ১৫ তম সভা ভারতে অনুষ্ঠিত হয়। সভায় দুদেশের ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্ট নানাবিধ গুরুত্বপূর্ণ বিষয়াদি আলোচিত হয়। উক্ত সভায় বাংলাদেশ থেকে আমন্ত্রিত ২৫টি ব্যাংকের মধ্যে মাত্র ০৮ টি ব্যাংক অংশগ্রহণ করে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ভবিষ্যতে অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট এডি ব্যাংকগুলোকে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়।


চলমান পাতা-০২

২

- চ) রপ্তানিমূল্যের সর্বোচ্চ ৫% এজেন্ট কমিশন ছাড়াও যৌক্তিক অন্যান্য বৈধ চার্জ সমন্বয়ের ক্ষেত্রে ব্যাংকগুলোকে যথার্থতা/উপযুক্ততা বিষয়ে নিশ্চিত হওয়া প্রসঙ্গে :
- রপ্তানিমূল্যের সর্বোচ্চ ৫% এজেন্ট কমিশন ছাড়াও যৌক্তিক অন্যান্য বৈধ চার্জ সমন্বয়ের সুযোগ বিদ্যমান বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় প্রচলিত রয়েছে। এজেন্ট কমিশন ছাড়াও যৌক্তিক চার্জ (SWIFT/Cable Charges, discrepancy charges, Reimbursement/Payment Fee, Postal/Courier Charges, Lc amendment charges, Export Bill acceptance fee, Bill discounting/Financing Charges at sight against usance bill subject to all in cost at 6% p.a including Commissions/Charges/Fees/Interest) সমন্বয়ের সুযোগ অনলাইন রিপোর্টিং ব্যবস্থায় আনয়ন করা হয়েছে। এ সকল বৈধ চার্জ সমন্বয়ের ক্ষেত্রে এডি শাখাগুলোকে যথার্থতা/উপযুক্ততা বিষয়ে নিশ্চিত হতে হবে।
- ছ) ইএক্স পি ফরমে ঘোষিত রপ্তানি মূল্য জাহাজীকরণের সময়ে কম/বেশী হলে কাস্টমস কর্তৃপক্ষের সনদপত্র সাপেক্ষে অনলাইন রিপোর্টিং ব্যবস্থায় ডুপ্লিকেট রিপোর্টিং এর সময়ে উক্ত কম/বেশী সমন্বয়ের সুযোগ প্রসঙ্গে।
- ইএক্স পি ফরমে ঘোষিত রপ্তানি মূল্য জাহাজীকরণের সময়ে কম/বেশী হলে কাস্টমস কর্তৃপক্ষের সনদপত্র সাপেক্ষে অনলাইন রিপোর্টিং ব্যবস্থায় ডুপ্লিকেট রিপোর্টিং এর সময়ে উক্ত কম/বেশী সমন্বয়ের সুযোগ রয়েছে, যা অনুসরণের জন্য সকল এডি শাখাকে পরামর্শ প্রদান করা হলো।
- জ) রপ্তানিকারকের নিকট হতে গৃহীত ইএক্সপি ফরম (দ্বিতীয় অরিজিনাল) শুদ্ধ কর্তৃপক্ষ কর্তৃক সীলসহ প্রত্যয়ন করা প্রসঙ্গে।
- রপ্তানিকারকের নিকট হতে ইএক্সপি ফরম (দ্বিতীয় অরিজিনাল) গ্রহনকালে তা যথাযথভাবে শুদ্ধ কর্তৃপক্ষ কর্তৃক সীলসহ প্রত্যয়ন করা হয়েছে কিনা তা নিশ্চিত হওয়ার জন্য সকল এডি শাখাকে পরামর্শ প্রদান করা হলো।
- ঝ) ২০০৯ সালে এফইপিডি হতে জারীকৃত সার্কুলার লেটার নং-৪৯৩ অনুসরণ পূর্বক পত্র প্রেরণ প্রসঙ্গে।
- এফইপিডি হতে জারীকৃত সার্কুলার লেটার নং-৪৯৩ তারিখ অক্টোবর ০৬, ২০০৯ অনুসরণ পূর্বক এডি শাখা হতে বাংলাদেশ ব্যাংকে প্রেরিতব্য পত্র প্রেরণে এডি শাখাগুলোকে এডি ব্যাংক কর্মকর্তার পূর্ণাঙ্গ নাম, পদবী, স্বাক্ষর, ফোন নম্বর, ই-মেইল ইত্যাদি দেয়ার বিষয়ে সতর্ক ও যত্নবান হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো।
- ০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনা সতর্কতার সাথে পরিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
- ০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।



(মোঃ দাউদ খান মাহফুজ)
উপ- মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৬০৫৬৩
৪৭১১০৬৭৭

আঃবাঃবিঃ ১(০৫)/২০১৭-২০১৮/ ১৪২৮

তারিখ : ২০/০৩/২০১৮

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। অধ্যক্ষ(মহাব্যবস্থাপক) বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫✓ সচিব, পর্যদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি প্রকা ঢাকা/সকল সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক। (পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।)
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। নথি/মহানথি।


(আইছান-আল-রশীদ)
সহকারী মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৫৭০৬৬



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(বৈদেশিক মুদ্রা বাজার নীতি শাখা)

সূত্র : এফইপিডি(এফইএমপি)/৩৪/২০১৮-২১১৫

তারিখঃ ০১ মার্চ, ২০১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল অনুমোদিত ডিলার ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ বিভাগীয় প্রধান, আন্তর্জাতিক বিভাগ/ট্রেজারী ব্যাংক অফিস (সদস্য, বিবি-এডি ফোরাম)।

প্রিয় মহোদয়,

"Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ১৭তম সভার রেকর্ডনোটস প্রসঙ্গে।

বিগত ১৮/০২/২০১৮ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলায় অবস্থিত জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত 'বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস ফোরাম' এর ১৭তম সভার রেকর্ডনোটস এর কপি অত্র সাধ প্রেরণ করা হলো।

০২। রেকর্ডনোটস এর ১ নম্বর ক্রমিকে বর্ণিত বিষয়ে বাংলাদেশে কার্যরত সকল বিদেশী ব্যাংক সত্ত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৩। রেকর্ডনোটস এর ৬-৮, ১০-১৪ ও ১৭ নম্বর ক্রমিকে বর্ণিত সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়ন/পরিপালন নিশ্চিতকল্পে অনুমোদিত ডিলার (এডি) ব্যাংকসমূহের প্রধান কার্যালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/এডি শাখাগুলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানসহ অভ্যন্তরীণ সার্কুলার জারী করে তা স্ব স্ব এডি ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/অনুমোদিত ডিলার শাখাসমূহে প্রেরণপূর্বক উক্ত সার্কুলারের কপি পরবর্তী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে অত্র বিভাগকে (সার্কুলারের কপিসহ) হার্ড কপিতে/নিম্নলিখিত ঠিকানায় ই-মেইলে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(মু. নুরউদ্দিন হায়দার)

উপ পরিচালক

ফোনঃ ০২-৫৫৬৬৫০০২-৫/২২৪০৩ (আইপি)

ই-মেইলঃ mn.haider@bb.org.bd

debashish.sarker@bb.org.bd

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

"Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ১৭তম সভার রেকর্ডনোটস।

"বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস ফোরাম" এর ১৭তম সভা ১৮/০২/২০১৮ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় ফোরামের আহ্বায়ক ও বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব আহমেদ জামাল এর সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলায় অবস্থিত জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ফোরামের সদস্য ও প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে দেখানো হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার কার্যপত্রে উল্লিখিত আলোচ্যসূচীর বিষয়সমূহ পর্যায়ক্রমিকভাবে উপস্থাপনের জন্য ফোরামের সদস্য ও বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের মহাব্যবস্থাপক মহোদয়কে আহ্বান জানান। মহাব্যবস্থাপক মহোদয় শুরুতে বিগত সভায় (১৬তম) গৃহীত সিদ্ধান্তগুলোর পরিপালন/বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। বিগত সভার (১৬তম) রেকর্ডনোটস অনুযায়ী ১, ৪, ৬ ও ৭ নং ক্রমিকে বর্ণিত সিদ্ধান্ত (যা বর্তমানে বাস্তবায়নাবধীন রয়েছে) ব্যতীত অন্যান্য সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে পরিপালিত মর্মে নিশ্চিত করা হয়। অতঃপর তিনি বিবি-এডি ফোরামের ১৬তম সভা অনুষ্ঠিত হওয়ার পর হতে ১৭তম সভা অনুষ্ঠিত হওয়ার পূর্ব পর্যন্ত সময়কালে জারিকৃত বিভিন্ন এফই সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে বৈদেশিক মুদ্রা বিধিবিধানের বিষয়ে গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহের সারসংক্ষেপ তুলে ধরেন এবং প্রয়োজ্য ক্ষেত্রে ব্যাখ্যা প্রদান/স্পষ্টীকরণ করেন। এরপর সভায় উপস্থিত বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণ এবং এডি ব্যাংকের প্রতিনিধিগণ আলোচ্যসূচীর অন্যান্য বিষয়ের উপর আলোচনায় অংশগ্রহণ করেন ও তাদের মূল্যবান বক্তব্য/মতামত তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
১	প্রবাসী বাংলাদেশীদের বীমা পলিসির বেনিফিট, ডেথ বেনিফিট, Remuneration, সার্ভিস বেনিফিট ইত্যাদির বিপরীতে প্রাপ্ত ফরেন ব্যাংক ড্রাফট/ চেক ক্রিম্যার সংক্রান্ত ব্যাংকিং সেবা প্রদান প্রসঙ্গে।	বাংলাদেশে কার্যরত সকল বিদেশী ব্যাংক সংশ্লিষ্ট বিষয়ে তাদের মতামত বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে।	বাংলাদেশে কার্যরত সকল বিদেশী ব্যাংক এবং এলডিএ শাখা (এফইপিডি), বাংলাদেশ ব্যাংক।
২	পণ্যের আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক মূল্যে এলসি / এলসিএএফ খোলা প্রসঙ্গে।	এডি ব্যাংকগুলোকে এলসি খোলার পূর্বে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর First Schedule এর Minimum Price List সাথে Invoice price যাচাই করতে হবে। এডি ব্যাংকগুলোর price verification এর সুবিধার্থে Price List এর একটি Link প্রদানের বিষয়ে এফইওডি এনবিআরকে অনুরোধ জানিয়ে পুনরায় পত্র প্রেরণ করবে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক।
৩	FDI Help Desk চালু ও এতদসংক্রান্ত তথ্য বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগে	Foreign Direct Investment (FDI) এর বিষয়ে Bangladesh Investment Development Authority (BIDA) বিভিন্ন পর্যায়ের বিনিয়োগকারী এবং ব্যাংক প্রতিনিধিদের নিয়ে Bangladesh Investment Climate Fund (BIFC)	এফইআইডি, বাংলাদেশ ব্যাংক।

১




	দাখিলের নির্দেশনা প্রসঙ্গে।	এর আওতায় একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করবে। উক্ত প্রশিক্ষণের ফলাফল পর্যালোচনা করে পরবর্তীতে বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ (এফইআইডি) এডি ব্যাংক কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।	
৪	রপ্তানিকারক উন্নয়ন তহবিল এর উপর মাস্টার সার্কুলার প্রণয়ন প্রসঙ্গে।	Refinancing সংক্রান্ত গ্রাহকের তথ্যাবলী বর্তমানে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগসমূহ বাংলাদেশ ব্যাংকের Online Monitoring System হতে দেখতে পারলেও এডি ব্যাংকগুলো দেখতে পারছে না। গ্রাহকের Total Outstanding এডি ব্যাংকগুলো যাতে দেখতে পারে এ ব্যাপারে বাংলাদেশ ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ অপারেশন বিভাগ(এফইওডি) উদ্যোগ গ্রহণ করবে। ইডিএফ সংক্রান্ত বিষয়ে জারিকৃত মাস্টার সার্কুলার নং ৪৫/২০১৭ এর উপর আলোচনা হয়। উক্ত আলোচনায় এইচএসবিসি এর পক্ষ হতে সার্কুলারের সাথে সংযোজনী ফরম মোতাবেক আবেদনপত্র ও বিবরণী হার্ডকপি আকারে দাখিল অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে জানানো হয় যে, বর্তমান e-refinancing module এর মাধ্যমে অন-লাইন ব্যবস্থায় সকল কার্যক্রম হয় বিধায় পৃথক হার্ডকপিতে বিবরণী দাখিলের প্রয়োজন নেই। এ বিষয়ে FRTMD এর সাথে আলোচনা করে FEPD প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	এফইওডি, রপ্তানি নীতি শাখা (এফইপিডি), বাংলাদেশ ব্যাংক।
৫	Foreign Exchange Transactions রিপোর্টিং সংক্রান্ত কর্মকর্তাদের ট্রান্সফার/বদলির সময়সীমা তিন (০৩) বছর এর পরিবর্তে পাঁচ (০৫) বছর করা প্রসঙ্গে।	রিপোর্টিং সংক্রান্ত অফিসারদের নিয়মিত (তিন বছর অন্তর অন্তর) ট্রান্সফার/বদলির ফলে Bangladesh Bank Online Monitoring System (Export, Import & Others) এ এবং F.Ex Returns reporting এর ক্ষেত্রে কিছু কিছু ভুল রিপোর্টিং হয়। সরাসরি ক্যাশ ট্রানজেকশানের সাথে সংশ্লিষ্ট না হওয়ায় Foreign Exchange Transactions রিপোর্টিং সংক্রান্ত অফিসারদের ট্রান্সফার এর সময়সীমা তিন (০৩) বছর এর পরিবর্তে পাঁচ (০৫) বছর করার বিষয়টি বিবেচনা করার জন্য সুপারভিশন কমিটিতে উপস্থাপন করতে ব্যাংক পরিদর্শন বিভাগ-১ (ডিবিআই-১) এ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিবিআই-০১, বাংলাদেশ ব্যাংক।
৬	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক সম্প্রতি প্রেরিত নির্দেশনামূলক পত্রসমূহের বিষয়ে এডি ব্যাংকগুলোকে অবহিতকরণ প্রসঙ্গে।	বিগত ১০/১২/২০১৭ তারিখের জাতীয় রাজস্ব বোর্ডের পত্রের মাধ্যমে বিল অব এক্সিট/এক্সপোর্টের সাথে দাখিলকৃত ইনভয়েস প্রযোজ্য ক্ষেত্রে পণ্যের কস্ট ও ফ্রাইট পৃথকভাবে উল্লেখকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে ইনভয়েস পণ্যের কস্ট ও ফ্রাইট পৃথকভাবে উল্লেখ না করা থাকলে এলসি না খোলার জন্য এডি ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে এডি ব্যাংক প্রাথমিকভাবে Proforma Invoice এর মাধ্যমে এলসি খুললেও Dashboard এ রিপোর্টিং এর সময় Commercial Invoice এর তথ্যের ভিত্তিতে রিপোর্ট করবে এবং বিষয়টি তাদের গ্রাহকদেরও জরুরী ভিত্তিতে অবহিত করবে। এছাড়া, জাতীয় রাজস্ব বোর্ড ০৮/০১/২০১৮ তারিখের তাদের অপর একটি পত্রের মাধ্যমে ট্রেড ফ্যাসিলিটেশন ও যথাযথ রাজস্ব আদায়ের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আমদানিকৃত পণ্যের বিশদ প্যাকিং লিস্ট, প্রোফরমা ইনভয়েস ও কমার্শিয়াল ইনভয়েস রিয়েল-টাইমে আপলোডকরণ এবং তদুপরবর্তীতে কাস্টমস কর্মকর্তা কর্তৃক উক্ত দলিলাদি রিড-অনলি মোড ও প্রিন্ট করে ব্যবহার করার ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়েছে। এ বিষয়ে কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় দক্ষ জনশক্তি এবং আইটি সিস্টেমের জন্য ব্যবহৃত প্রয়োজনীয় হার্ডওয়্যার ও সফটওয়্যার সংগ্রহ ও ব্যবহারের বিষয়ে এডি ব্যাংকগুলো প্রয়োজনীয় সকল প্রস্তুতি গ্রহণ করবে।	সকল এডি ব্যাংক।

৭	২০১৮ সালে নতুন চালুকৃত অনলাইন ইমপোর্ট মনিটরিং সিস্টেমে ফরেন এলসি/কন্ট্রাস্টসমূহের অ্যাক্সেসপটেন্স রিপোর্টিং-এর বিষয়ে ব্যাংকগুলোকে পরামর্শ প্রদান প্রসঙ্গে।	বিগত ০১/০১/২০১৮ তারিখ হতে অনলাইন ইমপোর্ট মনিটরিং সিস্টেমে ফরেন এলসি/কন্ট্রাস্টসমূহ রিপোর্টিং-এর ক্ষেত্রে অ্যাক্সেসপটেন্স রিপোর্ট করা বাধ্যতামূলক করা হয়েছে। উক্ত রিপোর্টিং-এর ভিত্তিতে স্বীকৃত বিলগুলো যথাসময়ে পরিশোধের পদক্ষেপ গ্রহণ এবং অপরিশোধিত বিলসমূহ রিপোর্টের ক্ষেত্রে এডি ব্যাংকগুলো বাংলাদেশ ব্যাংকে পরিপূর্ণ মাসিক বিবরণী প্রেরণ করবে।	সকল এডি ব্যাংক।
৮	এডি ব্যাংকসমূহকে বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত তথ্য সঠিক ও নিয়মিতভাবে বাংলাদেশ ব্যাংকের সিস্টেমে রিপোর্ট করা প্রসঙ্গে।	এডি ব্যাংকগুলোর প্রতি নিয়মিতভাবে অনলাইন ফরেন এক্সচেঞ্জ ট্রান্সেকশন মনিটরিং সিস্টেমে বৈদেশিক মুদ্রা লেনদেনের তথ্য রিপোর্ট করার নির্দেশনা থাকলেও প্রায়শই দেখা যায় যে ব্যাংকগুলোর রিপোর্টিং-এ বিলম্ব ঘটে থাকে এবং অত্র বিভাগের পুনঃপুনঃ নির্দেশনা সত্ত্বেও ব্যাংকগুলোর ভুল রিপোর্টিং করার ঘটনা কমছে না। ব্যাংকসমূহের এ ধরনের ভুল এবং বিলম্বিত রিপোর্টিং-এর কারণে বাংলাদেশ ব্যাংক এবং অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সঠিক তথ্য প্রদান করা সম্ভব হয় না এবং বিভিন্ন নীতিগত সিদ্ধান্ত গ্রহণে বিঘ্ন ঘটে। এ প্রেক্ষিতে এডি ব্যাংকগুলো বৈদেশিক মুদ্রা লেনদেনের তথ্য অনলাইন ফরেন এক্সচেঞ্জ ট্রান্সেকশন মনিটরিং সিস্টেমে নিয়মিত নির্ভুলভাবে রিপোর্ট করবে।	সকল এডি ব্যাংক।
৯	অগ্রিম রপ্তানিমূল্য প্রাপ্তির বিপরীতে জাহাজীকরণের দলিলাদি প্রসঙ্গে।	অগ্রিম প্রত্যাবাসিত রপ্তানিমূল্যের বিপরীতে বিল অব লেডিং/ Airway Bill ব্যাংকের পরিবর্তে আমদানিকারকের নামে ইস্যু করার পক্ষে ব্যাংকের পক্ষ হতে মতামত দেয়া হয়। এ বিষয়ে তারা যুক্তি দেখান যে, স্বনামধন্য আমদানিকারক ক্রেতা কর্তৃক প্রদত্ত আদেশের বিপরীতে পণ্য তাদের বিভিন্ন দেশে অবস্থিত Chain shop এ সরবরাহ করা হয়ে থাকে। এ ক্ষেত্রে পণ্য সরাসরি সংশ্লিষ্ট Consignee এর অনুকূলে সরবরাহের নিমিত্ত ক্রেতাপক্ষ অগ্রিম মূল্য পরিশোধ করে থাকে। কিন্তু সরাসরি গন্তব্যস্থ আমদানিকারকের নামে বিল অব লেডিং/Airway Bill ইস্যুর সুযোগ না থাকায় পুনরায় তা এনডোর্সমেন্টের প্রয়োজন হয়। রপ্তানিমূল্য অগ্রিম পরিশোধের ক্ষেত্রে প্রত্যাবাসনজনিত কোন ঝুঁকি থাকে না বিধায় এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বিধি-বিধান সহজীকরণ যুক্তিযুক্ত হতে পারে। সার্বিক আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয় যে, আলোচ্য বিষয়ে এফইপিডি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	রপ্তানি নীতি শাখা (এফইপিডি), বাংলাদেশ ব্যাংক।
১০	Quoted Rate এর বাহিরে বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয় প্রসঙ্গে।	সম্প্রতি কিছু কিছু ব্যাংক Quoted Rate এর বাইরে বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয় করছে বলে তথ্য পাওয়া গেছে। বিষয়টির স্পর্শকাতরতা বিবেচনায় এ ব্যাপারে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগগুলোর সাথে কিছু কিছু এডি ব্যাংকের জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে। তা সত্ত্বেও অনেক ব্যাংক এখনো Quoted Rate এর বাহিরে লেনদেন অব্যাহত রাখছে। এ ব্যাপারে এডি ব্যাংকগুলোকে Quoted Rate এর মধ্যে লেনদেন সম্পন্ন করতে হবে।	সকল এডি ব্যাংক।
১১	Indo-Bangladesh Joint Business Council Banking Sub-Group (IBJBC) এর ভারতে অনুষ্ঠিত	গত ১৫-১৬ ফেব্রুয়ারী, ২০১৮ তারিখে Indo-Bangladesh Joint Business Council Banking Sub-Group (IBJBC) এর ১৫ তম সভা ভারতে অনুষ্ঠিত হয়। সভায় দুদেশের ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্ট নানাবিধ গুরুত্বপূর্ণ বিষয়াদি আলোচিত হয়। কিন্তু অত্যন্ত পরিতাপের	সকল এডি ব্যাংক।

	১৫ তম সভা প্রসঙ্গে।	বিষয় এই যে উক্ত সভায় বাংলাদেশ থেকে আমন্ত্রিত ২৫ টি ব্যাংকের মধ্যে মাত্র ০৮ টি ব্যাংক অংশগ্রহণ করে। বিষয়টি অত্যন্ত বিব্রতকর। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ভবিষ্যতে অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট এডি ব্যাংকগুলোকে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়।	
১২	রপ্তানি মূল্যের সর্বোচ্চ ৫% এজেন্ট কমিশন ছাড়াও যৌক্তিক অন্যান্য বৈধ চার্জ সমন্বয়ের ক্ষেত্রে ব্যাংকগুলোকে যথার্থতা/উপযুক্ততা বিষয়ে নিশ্চিত হওয়া প্রসঙ্গে।	রপ্তানি মূল্যের সর্বোচ্চ ৫% এজেন্ট কমিশন হিসেবে সমন্বয়ের সুযোগ বিদ্যমান বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় প্রচলিত রয়েছে। এজেন্ট কমিশন ছাড়াও যৌক্তিক চার্জ (SWIFT / Cable Charges, Discrepancy Charges, Reimbursement/payment fee, Postal/Courier Charges, Lc amendment Charges, Export Bill acceptance fee, Bill discounting/Financing Charges at sight against usance bill subject to all in cost at 6% p.a including commissions/Charges/Fees/Interest) সমন্বয়ের সুযোগ অনলাইন রিপোর্টিং ব্যবস্থায় আনয়ন করা হয়েছে। এ সকল বৈধ চার্জ সমন্বয়ের ক্ষেত্রে ব্যাংকগুলোকে যথার্থতা/উপযুক্ততা বিষয়ে নিশ্চিত হতে হবে।	সকল এডি ব্যাংক।
১৩	ইএক্সপি ফরমে ঘোষিত রপ্তানি মূল্য জাহাজীকরণের সময়ে কম/বেশী হলে কাস্টমস্ কর্তৃপক্ষের সনদপত্র সাপেক্ষে অনলাইন রিপোর্টিং ব্যবস্থায় ডুপ্লিকেট রিপোর্টিং এর সময়ে উক্ত কম/বেশী সমন্বয়ের সুযোগ প্রসঙ্গে।	ইএক্সপি ফরমে ঘোষিত রপ্তানি মূল্য জাহাজীকরণের সময়ে কম/বেশী হলে কাস্টমস্ কর্তৃপক্ষের সনদপত্র সাপেক্ষে অনলাইন রিপোর্টিং ব্যবস্থায় ডুপ্লিকেট রিপোর্টিং এর সময়ে উক্ত কম/বেশী সমন্বয়ের সুযোগ রয়েছে, যা অনুসরণের জন্য সকল এডি শাখাকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা ব্যাংকসমূহের প্রধান কার্যালয় কর্তৃক গ্রহণ করতে হবে।	সকল এডি ব্যাংক।
১৪	রপ্তানিকারকের নিকট হতে গৃহীত ইএক্সপি ফরম (দ্বিতীয় অরিজিনাল) শুদ্ধ কর্তৃপক্ষ কর্তৃক সীলসহ প্রত্যয়ন করা প্রসঙ্গে।	বিদ্যমান বিধি অনুযায়ী রপ্তানিকারককে ইএক্সপি ফরমে ঘোষণা প্রদান করতে হয়, যা শুদ্ধ কর্তৃপক্ষ কর্তৃক সীলসহ প্রত্যয়িত হয়ে থাকে। রপ্তানিকারকের নিকট হতে ইএক্সপি ফরম (দ্বিতীয় অরিজিনাল) গ্রহণকালে তা যথাযথভাবে শুদ্ধ কর্তৃপক্ষ কর্তৃক সীলসহ প্রত্যয়ন করা হয়েছে কিনা তা নিশ্চিত হওয়ার জন্য এডি ব্যাংকের প্রধান কার্যালয় তাদের স্ব স্ব এডি শাখাগুলোকে নির্দেশনা প্রদান করবে।	সকল এডি ব্যাংক।
১৫	বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানের পক্ষে ব্যাংক গ্যারান্টি ইস্যুর প্রসঙ্গেঃ	বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানের পক্ষে ব্যাংক গ্যারান্টি ইস্যুর ক্ষেত্রে ১০০% নগদ মার্জিন গ্রহণ কিংবা ওডি লিমিট সমন্বয়ের প্রয়োজন হয়। এ ব্যবস্থা ব্যতীত ব্যাংক গ্যারান্টি ইস্যুর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অনুমোদনের আবশ্যিকতা রয়েছে। প্রচলিত এ ব্যবস্থা অব্যাহত রাখা কিংবা অন্য কোন বিকল্প উপায়ে ব্যাংকের Exposure কে নিরূপদ রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে ব্যাংকগুলোর পক্ষ হতে জানানো হয় যে বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান এলসি সুবিধা পেয়ে থাকে। এ বিষয়ে প্রতিষ্ঠানগুলোর অনুকূলে নন-ফান্ডেড সুবিধার আওতায় প্রদত্ত সীমার মধ্যে এলসি সহায়তা প্রদান করা হয়। একইভাবে, নন-ফান্ডেড সীমার মধ্যে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন ছাড়া ব্যাংক গ্যারান্টি ইস্যুর বিষয় বিবেচনা করা যুক্তিযুক্ত হবে মর্মে তাদের পক্ষ হতে আলোকপাত করা হয়। এ বিষয়ে এফইপিডি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	এএন্ডএনএফবি পি শাখা (এফইপিডি), বাংলাদেশ ব্যাংক।

১৬	অনিবাসীর পক্ষে বিদেশ হতে প্রাপ্ত ব্যাংক গ্যারান্টির বিপরীতে নিবাসীর অনুকূলে ব্যাংক গ্যারান্টি প্রদানের প্রসঙ্গে।	অনিবাসীর পক্ষে বিদেশ হতে প্রাপ্ত ব্যাংক গ্যারান্টির বিপরীতে নিবাসীর অনুকূলে ব্যাংক গ্যারান্টি প্রদানের সুযোগ বিদ্যমান বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় আরোপিত রয়েছে। তবে বিদেশ হতে প্রাপ্ত ব্যাংক গ্যারান্টির বিপরীতে নিবাসীর পক্ষে ব্যাংক গ্যারান্টি ইস্যুর বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অনুমোদনের প্রয়োজন হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়েছে। আলোচনা হতে জানা যায় যে, বাংলাদেশস্থ বিদেশী প্রতিষ্ঠানের শাখা অফিসের ক্ষেত্রে কিংবা Joint Venture প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রধান কার্যালয়/প্রতিসংগী প্রতিষ্ঠান থেকে (বিদেশস্থ ব্যাংকের মাধ্যমে) বৈদেশিক ব্যাংক গ্যারান্টিগুলো পাওয়া যায়। এক্ষেত্রে গ্যারান্টি নগদায়নের বিষয়ে দেশের কোন বৈদেশিক দায় সৃষ্টি হয় না মর্মে ব্যাংকগুলো অভিমত ব্যক্ত করেন এবং বাংলাদেশ ব্যাংকের অনুমোদন ছাড়া ব্যাংক গ্যারান্টি ইস্যুর বিষয়ে সাধারণ অনুমোদন প্রদানের অনুরোধ জানানো হয়। এ বিষয়টিতে এফইপিডি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	এএন্ডএনএফবি পি শাখা (এফইপিডি), বাংলাদেশ ব্যাংক।
১৭	২০০৯ সালে এফইপিডি হতে জারীকৃত সার্কুলার লেটার নং ৪৯৩ অনুসরণপূর্বক বিবেচ্যপত্র প্রেরণ প্রসঙ্গে।	এফইপিডি হতে জারীকৃত সার্কুলার লেটার নং ৪৯৩ তারিখ অক্টোবর ০৬, ২০০৯ এর মাধ্যমে এডি ব্যাংক হতে বাংলাদেশ ব্যাংকে প্রেরিতব্য বিবেচ্যপত্রের বিষয়বস্তু, এডি ব্যাংক কর্মকর্তার পূর্ণ নাম, পদবী, স্বাক্ষর, ফোন নং, ইমেইল ইত্যাদির বিষয়ে প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়। কিন্তু কিছু কিছু ব্যাংক হতে প্রাপ্ত বিবেচ্যপত্রে উল্লিখিত নির্দেশনার গুরুত্ব ব্যতীত পরিগণিত হচ্ছে, ফলে অনেক ক্ষেত্রে কার্যকর ও দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে বিলম্ব হয়ে যায়। বিষয়টির গুরুত্ব বিবেচনায় এডি ব্যাংকগুলোকে উক্ত সার্কুলারের পরিপালনের বিষয়ে সতর্ক ও যত্নবান হতে হবে।	সকল এডি ব্যাংক।

পরিশেষে সভাপতি মহোদয় সভায় যোগদান ও মূল্যবান মতামত রাখার জন্য উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(আহমেদ জামাল)

আহবায়ক, বিবি-এডি ফোরাম

ও

নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক।

